

"AASAAN" অনলাইন দুর্গাপূজার অনুমতি পাওয়ার Portal

কী ভাবে ব্যবহার করবেন

পূজো এসে গেল। আর তো মাত্র ক'টা দিনের অপেক্ষা। মা আসছেন।

গত বারের মতন এবারও পূজোয় একটা সুখবর আছে। গত সাত বছর ধরে মাননীয় মুখ্যমন্ত্রীর নির্দেশে পূজো কমিটি গুলির জন্য চালু হওয়া Single Window System চলছে দারুন সফল ভাবে, যেখানে সমস্ত পরিষেবা- সংস্থাগুলির Application Form পাওয়া যায় একই জায়গা থেকে, এক ছাতর তলায়। এবারও চালু থাকছে সেই System এবং তারই পাশাপাশি থাকছে গত বারের মতন 'আসান' ! Online পূজোর অনুমতি পাওয়ার web-based application. Computer – এর সামনে বসুন, স্রেফ আধ ঘণ্টায় fill up করুন সমস্ত Application Form. কয়েকদিনের অপেক্ষার পর computer থেকেই download করে নিন চূড়ান্ত অনুমতিপত্র।

আপনার Computer browser খুলে www.aasaan.kolkatapolice.org type করলেই screen-এ ভেসে উঠবে AASAAN এর হোমপেজ। এছাড়া কলকাতা পুলিশের Official Website www.kolkatapolice.gov.in এবং Bandhu App এ Assaan link এ click করলেও আপনি পেয়ে যাবেন AASAAN এর home page. এখানে click here to login/ Register এই link টিতে click করলেই Registration এবং Login Page টি আপনার চোখের সামনে। আপনার পূজো যে থানার মধ্যে পড়ে, সেটি Select করুন এবং কমিটির নাম নির্দিষ্ট জায়গা থেকে Select করুন। কমিটির e-mail ID এবং যোগাযোগ করার জন্য Mobile Number নির্দিষ্ট স্থানে type করুন। মনে রাখুন, Land line number নয় কিন্তু, Mobile Number। এবার OTP (One Time Password) – এর জন্য get OTP তে click করুন। যে মোবাইল নম্বর দিয়ে Register করেছেন, সেখানে দেখবেন খুব তাড়াতাড়ি একটা SMS এসে যাবে, যাতে থাকবে আপনার OTP। এবার সেটা চটপট নির্দিষ্ট স্থানে type করে ফেলুন। এবার Register now -এ click করলেই screen-এ দেখবেন আপনার LOGIN ID এছাড়া আপনার কমিটির নামও Login ID হিসেবে ব্যবহার করতে পারেন। এই ID টা মনে রাখার ব্যামেলা নেই। যে Mobile Number দিয়ে Register করেছেন ওটাই আপনার কমিটির Login ID। একই সঙ্গে আপনার মোবাইলে দেখুন SMS মারফত একটি Password –ও চলে এসেছে। এই Login ID আর Password টা কিন্তু খুব জরুরি, এই web portal – এ প্রবেশ করতে গেলে প্রয়োজন হবে।

এবার AASAAN -এর web portal - এ login করতে back to login-এ click করুন। আপনার LOGIN ID অর্থাৎ registered mobile number এবং password নির্দিষ্ট জায়গায় type করার পর login করলেই বিভিন্ন সংস্থার Application Form ভেসে উঠবে screen-এ। চোখ রাখুন part –A –তে, আপনার কমিটির ব্যাপারে যা যা তথ্য চাওয়া হয়েছে, ঠিকঠাক fill up করুন। কিছুটা fill up করে save করে রাখতে চাইলে save as draft-এ click করুন আর কাজ সম্পূর্ণ করে পরের পর্যায়ে যেতে হলে save & next. এবার Part - B, যে জমির উপর আপনার পূজো প্যান্ডেলটি অবস্থিত, সেটা কলকাতা পুরসভা বা অন্য কোনও সরকারি বা আধাসরকারি সংস্থা বা ব্যক্তিগত মালিকানার জমি হলেও, নির্দিষ্ট box-এ click করে প্রয়োজনীয় তথ্যগুলি ভর্তি করুন নির্দিষ্ট জায়গায়। KMC বা কলকাতা পুরসভার ক্ষেত্রে নির্দিষ্ট undertaking-এ click করুন।

পরের ধাপে Part C বিদ্যুৎ সংযোগ। আপনার পূজো CESC- র এলাকাভুক্ত হোক বা WBSEDCL- এর বা যদি অন্য কোনও পদ্ধতিতে আলোকসজ্জার ব্যবস্থা করেন নির্দিষ্ট ,option- এ গিয়ে প্রয়োজনীয় তথ্য fill up করে undertaking – এ click করে সম্মতি দিন। পরের ধাপ Part – D, Fire Services- এর Application form. একই পদ্ধতিতে তথ্যপূরণ করে undertaking দিয়ে save and next – এ click করলেই Part –E তে Pollution Control

Board –এর Form, যাতে undertaking-এ সম্মতিসূচক click করলেই screen-এ ভেসে উঠবে কলকাতা পুলিশের ফর্ম Part-F, প্রয়োজনীয় তথ্য আগের ধাপগুলির মতোই fill up করে save and next-এ click করলেই দেখতে পাবেন Part- G-Review, যেখানে Part – A থেকে Part-F – এ যা যা তথ্য দিয়েছেন তার সবকিছু এক বলকে দেখা যাবে।

হলে ,ভাল করে দেখে নিন কোথাও কোনও ভুল হয়েছে কি না।edit করার জন্য প্রত্যেক অংশের ডানদিকের কোনে click করে ভুল শুধরে নিন। এবার – submit- এ click করলেই জমা পড়ে গেল আপনার কমিটির পূর্ণাঙ্গ আবেদনপত্র । আপাতত কাজ শেষ ,web portal থেকে logout করে বেরিয়ে যেতে পারেন ।

নজর রাখতে থাকুন AASAAN Portal – এ। প্রতিটি পরিষেবা সংস্থার প্রতিনিধিরা আপনার Application Form সরেজমিনে খুঁটিয়ে দেখবেন। কমিটির পক্ষ থেকে যা fees দিতে হবে সেটা এই web portal –এ দেখতে পাবেন, এছাড়া আপনার registered mobile number এবং e-mail মারফৎও জানিয়ে দেওয়া হবে। টাকা দেওয়ার সময় ও পদ্ধতি জানতে চোখ রাখুন Home Page-এ।

এ বছর KMC এবং Fire Service এর পক্ষ থেকে কোনো Fees ধার্য করা হচ্ছেনা। কেবল মাত্র CESC এবং WBSEDCL –এর পক্ষ থেকে Fees ধার্য করা হবে।

CESC –র ক্ষেত্রে Fees জমা দেবার অনুরোধ পাবেন e-mail –এ এবং মোবাইলে। নজর রাখুন portal –এ আপনার কমিটির Home Page –এ। Pay now button-এ click করে নির্দেশিত পদ্ধতি অনুযায়ী online-এ টাকা জমা করুন। অনুমতি পেলেন কিনা দেখতে পাবেন Homepage এ যথাসময়ে।

যদি আপনার কমিটি WBSEDCL এর এলাকাভুক্ত হয়, সে ক্ষেত্রেও কত টাকা জমা করতে হবে জানানো হবে এই web portal-এ, এবং যথারীতি mail-এ এবং মোবাইলে। WBSEDCL -এর তরফে জানিয়ে দেওয়া হবে একটি consumer ID. টাকা জমা করার জন্য এখানেও দুটো option. Online -এ বা আগের প্রচলিত পদ্ধতি অনুযায়ী কাউন্টারে গিয়ে।

সব দপ্তরেরই অস্থায়ী অনুমোদন আপনি যথাসময়ে দেখতে পাবেন Homepage – এ । চূড়ান্ত permission screen – এ ভেসে উঠবে নির্দিষ্ট জায়গায় click করলেই । আপনার কমিটির ২০১৮ সালের দূর্গাপূজোর চূড়ান্ত অনুমতিপত্র Print করে ফেলুন । Online form fill up করতে গিয়ে যদি কোন অসুবিধে হয়, সঙ্গে সঙ্গে আমাদের Help line Number– এ Phone করুন সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা। (2250 5261 / 2250 5122)

মা আসছেন। পূজো ভালো কাটুক। আনন্দে কাটুক। সবাইকে শারদ শুভেচ্ছা।